


সুবোধ ঘোষের নির্বাচিত গল্প

পাঠ  
প্রতিক্রিয়া



সম্পাদনা

অধ্যাপক অনিমেষ গোলদার

স্বাভাবিক চরিত্রের পথ  
প্রতিক্রিয়া

সুবোধ ঘোষ

১৪.৯.১৯০৯-১০.৩.১৯৮০

**Subodh Ghosher Nirbachita Golpa : Path Pratikriya**  
Edited by : *Prof. Animesh Golder*

Published by

Diya Publication, 44/1A Beniatola Lane, Kolkata-700009

Phone : 6291811415

e-mail : diyapublication@gmail.com || diyapublication64@gmail.com

website : <https://diyapublication.in/>

facebook : দিয়া পাবলিকেশন কলকাতা

facebook page : <https://www.facebook.com/diyapublicaton/>

প্রকাশনা ও বিপণন সংক্রান্ত কথা : কৌস্তভ বিশ্বাস

ISBN : 978-93-92110-82-5

প্রথম প্রকাশ : ২৫ বৈশাখ, ১৪২৯

৭.৫.২২

শোধন সংস্করণ : মূল্য ৩০০

সূ  
চি  
পত্র



সামগ্রিক আলোচনা \_\_\_\_\_

সুবোধ ঘোষের গল্প : ভাঙা গড়ার ছন্দ	৭	তরুণ সান্যাল
সুবোধ ঘোষের গল্প—আলোবাসাবাসির স্থাপত্য	২৪	অমিতাভ বিশ্বাস
সুবোধ ঘোষের গল্প : আকরণ ও প্রকরণে	৩৮	সাধন চট্টোপাধ্যায়

গল্প পাঠ ও প্রতিক্রিয়া \_\_\_\_\_

‘গোত্রান্তর’ : মনুষ্যত্বের গোত্রচ্যুত যাপনকথা	৪৪	সৌমি দাশ
‘মা হিংসীঃ’ : স্বীকৃত হিংসার বিরুদ্ধে একটি প্রতিবাদ	৪৯	রিনি নাথ
‘পরশুরামের কুঠার’ গল্পের অন্দরমহলে	৫৬	ফাল্গুনী ভট্টাচার্য
যান্ত্রিক-অযান্ত্রিক : সুবোধ ঘোষ	৬৫	অশ্বেষা মল্লিক
গল্প ‘অযান্ত্রিক’ ও তার চলচ্চিত্রায়ণ	৭১	দেববুদ্ধ বাগ
মধ্যবিত্তের ‘গোত্রান্তর’: দিনবদলের চলচিত্র	৮৬	মধুরা চক্রবর্তী
‘ফসিল’ : আর্থ-সামাজিক চেতনা ও জীবনবোধ	৯১	সৌমিলি দেবনাথ
‘ফসিল’ : ধনতন্ত্র ও সামন্ততন্ত্রের অশুভ আঁতাত	৯৪	চিত্রা সরকার
‘কালাগুরু’ : পাঠ প্রতিক্রিয়া	৯৯	কৌষেয়ী ব্যানার্জি
‘পরশুরামের কুঠার’ : পুঁজিবাদের কুঠারে		
প্রাণের প্রসূতির হত্যা	১০৪	মৈত্রেয়ী সরকার
সুবোধ ঘোষ : প্রসঙ্গ ‘চতুর্থ পানিপথের যুদ্ধ’	১০৯	নির্মল কুমার বর্মণ
‘চতুর্থ পানিপথের যুদ্ধ’ : প্রতিবাদ-প্রতিকার-		
প্রতিরোধের ইতিহাস	১১৬	দীপঙ্কর মল্লিক

## সুবোধ ঘোষ : প্রসঙ্গ 'চতুর্থ পানিপথের যুদ্ধ' নির্মল কুমার বর্মণ

পরোধীন ভারতের রক্ত ফেটে পড়া গল্প হিসেবে না দেখে আমি 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পটি স্বাধীন ভারতে আজো পিছিয়ে থাকা আদিবাসীদের জীবনযন্ত্রণার অসামান্য রূপায়ন হিসেবে দেখতে চাই।<sup>১</sup>

কথাসাহিত্যিক সুবোধ ঘোষ আনন্দবাজার পত্রিকায় যোগদান করে ভাগ্যের চাকা ঘুরিয়ে দিলেন। দীর্ঘদিনের সঞ্জী দারিদ্র্য পরাজিত হল, ১৯৪০-এ আনন্দবাজারে 'অযান্ত্রিক' প্রকাশিত হলে পাঠক মহলে সাড়া পড়ে যায়। তাঁর রচিত গল্প সংখ্যা ১৫৭ টি। ফলত সুবোধ ঘোষের গল্প গ্রন্থের সংখ্যা ১৫।

১৯৪২ সালে ভারতবর্ষের জনগন শেষ স্বাধীনতার জন্য যখন আন্দোলিত, উদ্বেলিত ঠিক তখনই দক্ষিণ বিহারের এক মিশনারি বিদ্যালয়ে রাজার ছেলে, বাঙালি, বিহারি ছেলে ও ওরাওঁ, মুন্ডা ছেলে পড়াশোনা করে। ফলত রাজার ছেলেরা ঘৃণা ও অবহেলার দৃষ্টিতে দেখে বাঙালি ও বিহারি ছেলেদের। যদিও মূল বিষয়ের সঙ্গে রাজার ছেলেদের যোগসূত্র নেই। মুন্ডার ছেলেরা বাঙালি ও বিহারি ছেলেদের কাছে অবজ্ঞার পাত্র। বস্তুত—

স্কুল থেকে গঙ্গা সাহুর দোকান দেড় মাইল হবে। কৃতার্থ ভাবে আনিটা হাতে তুলে নিয়ে টুডু সেই প্রচন্ড রোদ ঝলসানো মাঠের ওপর দিয়ে পোড়া হরিণের মতো উদ্দাম বেগে দৌড়ে চলে যেত গঙ্গা সাহুর দোকানে। ফিরে এসে ঝাল বাদামের ঠোঙাটা আমাদের হাতে সাঁপে দিয়ে নিজে দূরে সরে যেত।<sup>২</sup>

বাঙালি ও বিহারি ছাত্রদের ফাঁপা কথার আড়ালে সত্যি ভেবে পরিশ্রমের শ্বাসবায়ুকে চেপে রাখত। বাদামের ভাগ দিতে রাজি নয় বলে ইচ্ছে করে ভুলে যেত। এই বোকা বানাতে পারার জন্য ধূর্ত তৃপ্তি সহজ-সরল মুন্ডারা বুঝতে পারে না। আত্ম বিশ্বাস, আত্মমর্যাদা, আত্মঅস্তিত্ব—সম্পর্কে সম্যক সজাগ চেতনার অভাবই তাদের অন্যদের কাছে উপহাসের পাত্র করে তুলেছে। বাঙালি ছেলেদের তির্যক ভাষায় বড়োলোকের ছেলেরা সোনাব্যং আর কৃষ্ণকায় আদিবাসী সহপাঠীরা কোলাব্যং। তেমনি আদিবাসী সমাজে এক আদিবাসী কিশোর স্টীফান হোরো। এই স্টীফান হোরো মেধাবী, সাহসী, জেদি, বিশ্বাসী ও তুখড় আত্মমর্যাদাবোধ সম্পন্ন। এক সঙ্গে ডবল লড়াই ও সংগ্রাম করতে হয় স্টীফানকে। মিশনারি সাহেবদের প্রভুত্বের